



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৪ আগস্ট ২০১৭ খ্রি.

আসন্ন অষ্টেলিয়া-বাংলাদেশ টেস্ট ম্যাচ এবং ঈদ-উল-আযহা উপলক্ষে প্রকৌশল ও পরিচ্ছন্ন বিভাগের সমন্বয় সভা

আসন্ন অষ্টেলিয়া-বাংলাদেশ টেস্ট ম্যাচ এবং ঈদ-উল-আযহা উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল ও পরিচ্ছন্ন বিভাগের সমন্বয় সভা ২৪ আগস্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, নগর ভবনের কেবি আবদুচ ছতার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক, আবু সালেহ, কামরুল ইসলাম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মল্লান ছিদ্দিকী সহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় আগামী ৩১ আগস্ট এর মধ্যে নগরীর এয়ারপোর্ট রোড, এম এ আজিজ রোড, পোর্ট কানেকটিং রোড, শেখ মুজিব রোড, ঢাকা ট্রাঙ্ক রোড, জাকির হোসেন রোড, নাসিরাবাদ এভিনিউ, হাটহাজারী রোড, মেরিনার্স রোড, আরাকান রোড সহ নগরীর প্রধান প্রধান সড়ক সমূহ এ্যাসফল্ট প্ল্যান্টের মালামালের মাধ্যমে সংস্কার এবং পরিষ্কার পরিচ্ছন্ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম শেষ করে বিদেশ থেকে আগত খেলোয়াড়দের যাতায়াত নির্বিঘ্নে করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় আসন্ন ঈদ-উল-আযহার বন্ধের সময়ও সড়ক মেরামত কার্যক্রম অব্যাহত রাখার এবং পশুর হাটের আবর্জনা দ্রুত নিষ্কাশন সহ কোরবানীর পশুর নাড়ী-ভুরি ও অন্যান্য পশু বর্জ্য দ্রুত অপসারণে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হয়।

চট্টগ্রাম- ২৪ আগস্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১২টি ওয়ার্ড এর উন্নয়ন কাজের সমন্বয় সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী বলেছেন, নগরীর ১২,১৪,১৫,২১,২২,২৫,২৭,৩৭,৩৮,৩৯,৪০ ও ৪১ নং ওয়ার্ড সহ ১২টি ওয়ার্ডের কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এবং চমিক প্রকৌশলীদের প্রস্তাবনা সমন্বয় করে ওয়ার্ড ভিত্তিক উন্নয়ন কার্যক্রম পরিচালিত হবে। স্থানীয় কাউন্সিলরদের মতামত এবং তাদের উপস্থিতি নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে ঠিকাদারদের কাজ সমাপ্ত করতে হবে। তিনি বলেন, ওয়ার্ডের কাঁচা রাস্তা, ব্রিক সলিন রাস্তা সমূহ প্রাধান্য পাবে। কাজের গুণগত মান অটুট রেখে উন্নয়ন কাজ ত্বরান্বিত করতে হবে। স্থানীয় কাউন্সিলরদের অঙ্গাতে কোন ধরনের উন্নয়ন কাজ করা যাবে না। নাগরিক সেবার স্বার্থে কাউন্সিলর, ঠিকাদার ও দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীদের মধ্যে সমন্বয় সাধন করে উন্নয়ন কাজ পরিচালনা করতে হবে। ২৪ আগস্ট ২০১৭ খ্রি. দুপুরে নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম নগরীর ১২ টি ওয়ার্ড এর কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এবং চমিক প্রকৌশলীদের সমন্বয় সভায় প্যানেল মেয়র এসব কথা বলেন। সভায় কাউন্সিলর সালেহ আহমদ চৌধুরী, জয়নাল আবদীন, জিয়াউল হক সুমন, সলিম উল্লাহ বাচ্চু, শফিউল আলম, মো. এরশাদ উল্লাহ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, নির্বাহী প্রকৌশলীবৃন্দ সহ দায়িত্বশীল কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা